17

তারিখ ... 25 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

আজকের কাগজ

# সোনারগাঁয়ে গণশিক্ষা কার্যক্রম ব্যাহত

সরকার ব্যাপক ঢাকঢোল পিটিয়ে গণশিক্ষা কার্যক্রমের কথা প্রচার করলেও সোনারগাঁয়ে গণশিক্ষা কার্যক্রম সম্পূর্ণরূপে ব্যাহত হচ্ছে। সরকার এ খাতে প্রচুর অর্থ ব্যয় করলেও তা কোন কাজে আসছে না। গণশিক্ষা কার্যক্রম কেবলমাত্র কাগজে-কলমের মধ্যেই সীমাবদ্ধ রয়েছে। সোনারগাঁয়ে গণশিক্ষা কার্যক্রম কতটুকু সার্থকতা লাভ করেছে, তার বাস্তব চিত্র গোপন করে মিথ্যা এবং কাল্পনিক তথ্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হচ্ছে। এমনকি টেলিভিশনেও মিথ্যা এবং বানোয়াট তথ্য প্রচার করা হয়েছে। উল্লেখ্য, সোনারগাঁ থানার বিভিন্ন এলাকায় মোট ১০টি লাইব্রেরীর মাধ্যমে গণশিক্ষা কার্যক্রম চালানোর কথা। এ লক্ষ্যে ১০টি লাইব্রেরীর জন্যে প্রয়োজনীয় চেয়ার, টেবিল, শিক্ষা উপকরণ এবং বিনোদনের জন্যে রেডিও সরবরাহ করা হয়েছে। অন্যদিকে রাতে লেখাপড়ার জন্যে হারিকেন দেয়া হয়েছে। প্রতিটি লাইব্রেরীর জন্যে একজন করে গ্রন্থাগারিক নিয়োগ করা হয়েছে। সার্বিক দেখা শোনার জন্যে জেলা সমন্বয়কারী রয়েছে। সোনারগাঁ থেকে হালিম চৌধুরী।